# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ময়মনসিংহ | 08 April, 2025

জামালপুরের বকশীগঞ্জে সামাজিক অপরাধমূলক কর্মকান্ড রোধে উঠান বৈঠক ও বিট পুলিশিং সভা অনুষ্ঠিত হয়েছে।

বকশীগঞ্জ থানা পুলিশের আয়োজনে মঙ্গলবার (৮ এপ্রিল ) বিকালে পৌর এলাকার মাঝ পাড়া মাদ্রাসা মাঠে ওই সভা অনুষ্ঠিত হয়।

বিট পুলিশিং সভায় প্রধান অতিথি ছিলেন জেলা পুলিশের দেওয়ানগঞ্জ সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার সাইফুল ইসলাম পিপিএম।

বকশীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) খন্দকার শাকের আহমেদ এর সভাপতিত্বে এবং পৌর বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক শহিদুল্লাহ মিয়ার সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাবেক যুগ্ম আহবায়ক নুর ইসলাম তোতা, পূজা উদযাপন পরিষদের নেতা অনুপ কুমার সেন, দলিল লেখক সমিতির সাবেক সভাপতি আলী হাসান খোকা, মোশারফ হোসেন, ছাত্রনেতা সাদ আহমেদ রাজু , ছাত্রনেতা সাজ্জাদ হোসেন প্রমুখ।
প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত পুলিশ সুপার সাইফুল ইসলাম বলেন, মাদক, জুয়া ও অবৈধ বালুর ব্যবসা বন্ধে পুলিশ কাজ করে যাচ্ছে।

পুলিশ বাল্য বিবাহ প্রতিরোধে জিরো টলারেন্স নীতিতে কাজ করছে।যেখাইে বাল্য বিবাহ হবে সেখানেই পুলিশ একশনে যাবে।যারা বাল্য বিবাহ সংঘটিত করে তাদেরকে সামাজিকভাবে বয়কট করুন।কোথাও অপরাধ হলে আমাদের তথ্য দিন পুলিশ আপনাদের পাশে থাকবে। এসময় তিনি সামাজিক অপরাধ নির্মূলে সর্বস্তরের মানুষের সহযোগিতা কামনা করেন।
বিটি পুলিশিং সভায় ছোট ছোট সামাজিক সমস্যা দূরীকরণ এবং জুরুরী সেবা পেতে ৯৯৯ নম্বর এর কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।

স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তিবর্গ ও সুধী সমাজের প্রতিনিধিরা ওই সভায় উপস্থিত ছিলেন।

বিট পুলিশ পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:32

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/887203519